ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অক্টোবর/২০২১ মাসের আন্তঃবিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আতিকুল ইসলাম, মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| তারিখ | : | ০২ আশ্বিন, ১৪২৮<br>১৮ অক্টোবর, ২০২১ |
| সময় | : | বিকাল ০৩:৩০ টা |
| স্থান | : | হলরুম, ৬ষ্ঠ তলা, নগর ভবন |

প্রধান নির্বাহী কর্মকর্তা সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, মাননীয় মেয়র এর সদয় নির্দেশনা মোতাবেক তাঁর নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে ডিএনসিসি'র সকল স্তরের কর্মকর্তা/কর্মচারিদের নিরলস প্রচেষ্টার ফলে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কার্যক্রমের গতি ঊর্ধ্বমূখী হচ্ছে। তিনি সবাইকে নিজ নিজ দায়িত্ব সঠিক ও সুচারুরূপে পালনের জন্য বিশেষ অনুরোধ জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি ভিত্তিক আলোচনা শুরু হয়।

২.০ সভায় আলোচ্যসূচি ভিত্তিক আলোচনার মাধ্যমে নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্যসূচি-১ | : | **জানুয়ারি/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ করণে আলোচনা।** |
|---|---|---|
| আলোচনা | : | বিগত ০৪ জানুয়ারি ২০২১ খ্রী. তারিখ অনুষ্ঠিত আন্তঃবিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। |
| সিদ্ধান্ত | : | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচি-২ | : | **জানুয়ারি/২০২১ মাসের আন্তঃবিভাগীয় সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।** |
|---|---|---|
| আলোচনা | : | গত ০৪ জানুয়ারি ২০২১ তারিখ অনুষ্ঠিত জানুয়ারি/২০২১ মাসের আন্তঃবিভাগীয় সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন ও পর্যালোচনা করা হয়। |
| সিদ্ধান্ত | : | জানুয়ারি/২০২১ তারিখের আন্তঃবিভাগীয় সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচি-৩ | : | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ওয়ার্ডসমূহ হতে গৃহস্থালী বর্জ্য সংগ্রহ সংক্রান্ত "টার্মস অব রেফারেন্স (TOR) ডিসেম্বর ২০২০" অনুযায়ী ডিএনসিসি'র ওয়ার্ডসমূহকে কয়েকটি ভাগে বিভক্ত করে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও বিধিমালা ২০০৮ অনুসরণপূর্বক দ্রুত দরপত্র আহ্বান করে ঠিকাদার নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করণ।** |
|---|---|---|
| আলোচনা | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা সভাকে জানান যে, গত ২১/১২/২০২০ তারিখ অনুষ্ঠিত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২য় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভায় সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনা কাজের স্বার্থে প্রস্তাবিত সংশোধনী সহকারে "ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আওতাধীন ওয়ার্ডসমূহ হতে গৃহস্থালী বর্জ্য সংগ্রহ সংক্রান্ত টার্মস অব রেফারেন্স (TOR) ডিসেম্বর ২০২০" অনুমোদনের সর্বসম্মত |

| | | |
|---|---|---|
| | | সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আওতাধীন ওয়ার্ডসমূহ হতে গৃহস্থালী বর্জ্য সংগ্রহ সংক্রান্ত "টার্মস অব রেফারেন্স (TOR) ডিসেম্বর ২০২০" অনুযায়ী ক্রয়ে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুসারে দ্রুত দরপত্র আহবান করে ঠিকাদার নিয়োগ প্রক্রিয়া সম্পন করার জন্য সিদ্ধান্ত প্রয়োজন।<br><br>মাননীয় মেয়র বলেন, বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। তিনি এ বিষয়ে বিস্তারিত উল্লেখ করে পরবর্তীতে উপস্থাপনের জন্য সিদ্ধান্ত প্রদান করেন। |
| সিদ্ধান্ত | : | বিস্তারিত উল্লেখপূর্বক বর্ণিত বিষয়টি পরবর্তীতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৪ | : | **অফিসের কাজের জন্য সার্ভে জ্ঞান সম্পন্ন কর্মীগণের যাতায়াত খরচ নির্ধারণ প্রসঙ্গে।** |
| আলোচনা | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্পত্তি বিভাগে ৬ (ছয়) জন দক্ষ শ্রমিক (সার্ভে জ্ঞান সম্পন্ন কর্মী) কর্মরত রয়েছে। তারা সবাই দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারী। তাদেরকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নবগঠিত ৫ (পাঁচ) টি অঞ্চলের সার্ভেয়ারের কাজে নিয়োজিত রাখা হয়েছে। নগর ভবন হতে প্রতিদিন জরুরি কাজে সংশ্লিষ্ট এলাকায় যেতে হয়। যাতায়াতের জন্য ডিএনসিসি হতে কোন ব্যবস্থা না থাকায় তাদের বেতনের অর্থ খরচ করে সংশ্লিষ্ট এলাকা সরেজমিনে যেয়ে কাজ করতে হয়ে। তাতে তাদের বেতনের সিংহভাগ অফিসের কাজে খরচ হয়ে যায়। উল্লেখ্য, ডিএনসিসি'র নবগঠিত এলাকার বর্তমান আয়তন ১১৩.৫৯ বর্গ কি.মি। নগরভবন থেকে সংশ্লিষ্ট এলাকায় যাতায়াতের জন্য তাদেরকে পথ খরচ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত আবশ্যক।<br>সভাপতি ডিএনসিসি'র আঞ্চলিক কার্যালয়ে ১০ (দশ)টি সার্ভেয়ারের পদ সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সম্পত্তি বিভাগের কর্মরত ৬ (ছয়) জন দক্ষ শ্রমিক (সার্ভে জ্ঞান সম্পন্ন কর্মী) কে যাতায়ত ভাতা প্রদানের বিষয়টি নির্ধারণের জন্য তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। |
| সিদ্ধান্ত | : | ১। আঞ্চলিক কার্যালয়ে ১০ (দশ)টি সার্ভেয়ারের পদ সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং<br>২। সম্পত্তি বিভাগে কর্মরত ৬ (ছয়) জন দক্ষ শ্রমিক (সার্ভে জ্ঞান সম্পন্ন কর্মী) কে যাতায়ত ভাতা প্রদানের বিষয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৫ | : | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উন্মুক্ত স্থানসমূহের আধুনিকায়ন, উন্নয়ন ও সবুজায়ন প্রকল্প এর আওতাভুক্ত পার্ক, খেলার মাঠ ও পাবলিক টয়লেটসমূহ সম্পত্তি বিভাগ কর্তৃক বুঝে নেয়া প্রসঙ্গে।** |
| আলোচনা | : | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিবেশ জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল বলেন যে, ''ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উন্মুক্ত স্থানসমূহের আধুনিকায়ন, উন্নয়ন ও সবুজায়ন প্রকল্প'' এর আওতাভূক্ত ১৮টি পার্ক ও ৪টি খেলার মাঠের মধ্যে ১১টি পার্ক ও ৩টি খেলার মাঠের কাজ সম্পন্ন হয়েছে; যা বুঝে নিয়ে পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য আউটসোর্সিং প্রতিষ্ঠান নিয়োগের জন্য ডিএনসিসি'র সম্পত্তি বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এছাড়া বর্ণিত পার্কসমূহের অভ্যন্তরস্থ পাবলিক টয়লেট ছাড়াও বিভিন্ন স্থানে আরো ১৩টি পাবলিক টয়লেট নির্মিত হয়েছে। কিন্তু উক্ত পার্ক/মাঠসমূহ বুঝে নিয়ে পরিচালনা/ব্যবস্থাপনার জন্য এখন পর্যন্ত কাউকে দায়িত্ব না দেয়ায় জনসাধারনের ব্যবহার জনিত কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতি নিয়মিত মেরামত করা হচ্ছে না। অনেক ঠিকাদারের Defects |

| | | |
|---|---|---|
| | | liability Period অতিক্রান্ত হওয়ায় ঠিকাদারের মাধ্যমে ও তা মেরামত করা সম্ভব হচ্ছে না। তাছাড়া নব নির্মিত পাবলিক টয়লেটসমূহ বর্তমানে তালাবদ্ধ থাকায় জনসাধারণ সেবা পাচ্ছে না; এতে কর্পোরেশনের সুনাম ক্ষুণ্ণ হচ্ছে । তাই দ্রুত সম্পত্তি বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।<br><br>মাননীয় মেয়র মহোদয়ের সদয় জিজ্ঞাসার প্রেক্ষিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিবেশ জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল বলেন, ৩টি পার্ক/খেলার মাঠ যথাক্রমে (১) বিচারপতি শাহাবুদ্দিন আহমদ পার্ক<br>(২) মোহাম্মদপুর উদয়চল পার্ক এবং (৩) চেয়ারম্যান বাড়ী খেলার মাঠ (শহীদ যায়ান চৌধুরী) উদ্বোধন করে জনসাধারনের জন্য উম্মুক্ত করে দেয়া হয়েছে।<br><br>এ পর্যায়ে প্রধান সম্পত্তি কর্মকর্তা বলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পার্ক, খেলার মাঠ ও উন্মুক্ত স্থানসমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ নির্দেশিকা অনুমোদন না হওয়ায় পার্ক/খেলার মাঠ পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য কাউকে নিয়োজিত করার পদক্ষেপ গ্রহণ করা যাচ্ছে না । এ প্রেক্ষিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিবেশ জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল বলেন নির্দেশিকা চূড়ান্ত পর্যায়ে রয়েছে; শীঘ্রই তা অনুমোদন হবে। তাই দ্রুত বিজ্ঞপ্তি জারি করা যেতে পারে; কারণ কার্যপরিধি প্রনয়ণসহ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ ও আনুষাঙ্গিক কার্যক্রম সম্পন্ন করতেও ১/২ মাস সময় লেগে যায়। মাননীয় মেয়র উক্ত প্রস্তাবের সঙ্গে একমত পোষন করেন । |
| সিদ্ধান্ত | : | ১। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন শীর্ষক প্রকল্পের আওতায় নব উন্নয়নকৃত পার্ক/খেলার মাঠ ও টয়লেট সমূহ পরিচালনা উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত আউটসোর্সিং প্রতিষ্ঠান/অপারেটর নিয়োজিত করার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহন করতে হবে ।<br>২। 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পার্ক, খেলার মাঠ ও উন্মুক্ত স্থানসমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ নির্দেশিকা' অনুমোদনের কার্যক্রম গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচি-৬ | : | **আগারগাঁও প্রশাসনিক এলাকার চলমান সড়কের অভ্যন্তরে অবস্থিত সকল অবৈধ স্থাপনা উচ্ছেদ।** |
|---|---|---|
| আলোচনা | : | প্রকল্প পরিচালক জানান, আগারগাঁও প্রশাসনিক এলাকার সড়কসমূহ ২০১৭ সালে গণপূর্ত বিভাগ হতে ডিএনসিসি বরাবর হস্তান্তর করা হয়। তৎপ্রেক্ষিতে সড়কসমূহ উন্নয়নের জন্য IDRS প্রকল্পে অন্তর্ভূক্ত করা হয়।কিন্তু সড়কের অভ্যন্তরে অবৈধ বস্তি, অন্যান্য স্থাপনা, অস্থায়ী স্থাপনা, কবর ইত্যাদি থাকায় প্রকল্পের কাজ বাস্তবায়ন ব্যহত হচ্ছে। সম্পত্তি বিভাগ কর্তৃক আলোচ্য সকল অবৈধ স্থাপনা জরুরী অপসারণ করা প্রয়োজন। |
| সিদ্ধান্ত | : | জরুরি ভিত্তিতে সকল অবৈধ স্থাপনা উচ্ছেদ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচি-৭ | : | **আগারগাঁও মাহবুব মোর্শেদ সরণি (শ্যামলী শিশু মেলা হতে আগারগাঁও ইন্টারসেকশন পর্যন্ত) ১৫০ ফুট প্রশস্ত এলাইনমেন্ট নির্ধারণ।** |
|---|---|---|
| আলোচনা | : | প্রকল্প পরিচালক জানান, গত ২৫/০৮/২০২১খ্রিঃ তারিখে প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় "১৫০ ফুট প্রশস্তে মাহবুব মোর্শেদ সরণি এবং রোকেয়া সরণি হতে বিজ্ঞান যাদুঘর পর্যন্ত সড়কের এলাইনমেন্ট দ্রুত ডিএনসিসি ও পিডব্লিউডি সমন্বয়ে যৌথ সার্ভে করে |

| | | |
|---|---|---|
| | | নির্ধারণ করতে হবে এবং পিডব্লিউডি ০৭ (সাত) দিনের মধ্যে যৌথ পরিমাপের দিন নির্ধারণ করে ডিএনসিসিকে অবগত করবে"- মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কিন্তু অদ্যবধি ডিএনসিসি'র সম্পত্তি বিভাগ, প্রকৌশল বিভাগ এবং গণপূর্ত অধিদপ্তরের সমন্বয়ে যৌথ সার্ভে করা হয়নি। সড়কের প্রশ্বস্ততা ও এলাইনমেন্ট সংশোধন নিয়ে গণপূর্ত বিভাগ বারংবার পত্র প্রদান করছে এবং মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়ন বিঘ্নিত হচ্ছে। |
| সিদ্ধান্ত | : | দ্রুত পিডব্লিউডি ও সম্পত্তি বিভাগ কর্তৃক যৌথ সার্ভে করে ১৫০ ফিট প্রশ্বস্তে এলাইনমেন্ট প্রকৌশল বিভাগকে বুঝিয়ে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। |
| বাস্তবায়ন | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচি-৮ | : | **আগারগাঁও ইউজিসি ভবনের সম্মুখে ১৫০ ফুট প্রশস্ত এলাইনমেন্ট নির্ধারণ।** |
|---|---|---|
| আলোচনা | : | প্রকল্প পরিচালক জানান, গণপূর্ত বিভাগ-২ হতে গত ২৯/০৯/২০২১ তারিখে ইউজিসি ভবনের সম্মুখে ১৫০ ফুট প্রশ্বস্ত রাস্তার বিপরীতে ১৪২ ফুট প্রশ্বস্ত রাস্তার এলাইনমেন্ট নির্ধারণ করে উন্নয়ন কাজ বাস্তবায়নের অনুরোধ জানিয়েছে। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। এ পর্যায়ে মাননীয় মেয়র বলেন আগারগাঁও প্রশাসনিক এলাকার মাস্টার প্ল্যানের কোন ব্যতয় করা যাবে না এবং ১৫০ ফুট প্রশ্বস্ত সড়ক নির্মাণ করতে হবে। |
| সিদ্ধান্ত | : | ১৫০ ফুট প্রশস্ত সড়ক নির্মাণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রকল্প পরিচালক, আইডিআরএস প্রকল্প। |

| আলোচ্যসূচি-৯ | : | **তেজগাঁও এলাকার চলমান সড়ক উন্নয়ন কাজের এলাইনমেন্টে অবৈধ দখল।** |
|---|---|---|
| আলোচনা | : | প্রকল্প পরিচালক জানান, তেজগাঁও এলাকার চলমান সড়ক উন্নয়ন কাজের এলাইনমেন্টে অবৈধ দখল উচ্ছেদের জন্য সম্পত্তি বিভাগকে অনুরোধ করা হলে সম্পত্তি বিভাগ হতে জানানো হয় যে, উক্ত রাস্তাসমূহ গৃহায়ন ও গণপূর্ত বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনের অনুকূলে হস্তান্তর করা হয়নি। উক্ত রাস্তাসমূহ হস্তান্তরের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয়। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য ও কাউন্সিলরের চাহিদার প্রেক্ষিতে ইতোপূর্বে অবিভক্ত ঢাকা সিটি করপোরেশন কর্তৃক জিওবি অর্থায়নে প্রকল্পের মাধ্যমে ২০০৪ ও ২০০৫ সালে রাস্তা উন্নয়ন করা হয়। এছাড়া ২০১২ ও ২০১৩ সালে বিশ্ব ব্যাংকের অর্থায়নে কেইস প্রকল্প, ডিএনসিসি'র নিজস্ব অর্থায়নে ২০১৮ সালে বিশেষ উন্নয়ন প্রকল্প এবং ডিএনসিসি'র নিজস্ব বাজেটে প্রতি বছর অত্র এলাকার রাস্তাসমূহ উন্নয়ন করা হয়েছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। |
| সিদ্ধান্ত | : | ডিএনসিসি'র চলমান দৈনন্দিন উচ্ছেদ প্রোগ্রামের অংশ হিসেবে অবৈধ টং ঘর, দোকান, ভাসমান বস্তি উচ্ছেদ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১০ | : | **আগারগাঁও মাহবুব মোর্শেদ সরনির কল্যানপুর খালের পাশে ও জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সামনে STS স্থানান্তর।** |
| আলোচনা | : | প্রকল্প পরিচালক জানান, আগারগাঁও প্রশাসনিক এলাকার মাহবুব মোর্শেদ সরণি (মিরপুর রোড হতে বেগম রোকেয়া সরণি) এবং বিজ্ঞান জাদুরঘর হতে বেগম রোকেয়া সরণি পর্যন্ত ১৫০ ফুট প্রশ্বস্তের সড়কের অভ্যন্তরে ডিএনসিসি'র বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের ২টি Secondary Transfer Station (STS) রয়েছে; যা জরুরী ভিত্তিতে স্থানান্তর/অপসারণ প্রয়োজন। এ পর্যায়ে মাননীয় মেয়র বলেন বিকল্প স্থান চিহ্নিত করতে হবে এবং আন্ডারগ্রাউন্ডে STS করার বিষয়টি পর্যালোচনা করতে হবে। |
| সিদ্ধান্ত | : | বিকল্প স্থান চিহ্নিত করতে হবে এবং আন্ডারগ্রাউন্ডে STS করার বিষয়টি পর্যালোচনা করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১১ | : | বিবিধ |
| আলোচনা | : | বিবিধ আলোচনা পর্বে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| সিদ্ধান্ত | : | |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | ০১ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে নবগঠিত অঞ্চল সমূহের অফিস ভাড়া নিতে হবে। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল ৬-১০ |
| ২. | জাতীয় তথ্য বাতায়ন ৩৩৩ কে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের হালনাগাদ তথ্য প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিস্টেম এনালিস্ট |
| ৩. | সচিবালয় নির্দেশনা অনুযায়ী নথি/ডাক ৭২ ঘন্টার মধ্যে উপস্থাপন করতে হবে। | বিভাগীয় প্রধান সকল<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ৪. | বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ বিভাগ/দপ্তর পরিদর্শন করে রিপোর্ট দাখিল করবে। | বিভাগীয় প্রধান সকল<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ৫. | সকল কর্মকর্তা কর্মচারীর নিয়মিত সঠিক সময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে। | বিভাগীয় প্রধান সকল<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ৬. | প্রত্যেক আঞ্চলিক কার্যালয়ে একটি করে হেল্প ডেস্ক/ফ্রন্ট ডেস্ক স্থাপন করতে হবে। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ৭. | প্রত্যেক অঞ্চলে সেবা প্রদানের বিষয়ে ডিজিটাল ক্যাম্পিং করতে হবে। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ৮. | মশক কর্মী এবং পরিচ্ছন্নতা কর্মীদের বায়োমেট্রিক হাজিরা গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ৯. | মশক কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | ১০. | অফিসের সকল চিঠিপত্রে আবশ্যিকভাবে নিকস ফন্ট ব্যবহার করতে হবে। | বিভাগীয় প্রধান সকল<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| | | | ১১. | "সবার ঢাকা" অ্যাপসে জনগণ কর্তৃক দাখিলকৃত অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | বিভাগীয় প্রধান সকল<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| | | | ১২. | ১৮ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের যাবতীয় সম্পত্তির হিসাবের একটি ডাটাবেইজ তৈরি করতে হবে। | সম্পত্তি কর্মকর্তা |

৩.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আতিকুল ইসলাম
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৫.২০২০-৪৮৩

তারিখঃ ১০ অগ্রহায়ণ ১৪২৮ / ২৫ নভেম্বর ২০২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (পদমর্যাদার ক্রমানুসারে নয়)**

১. বিভাগীয় প্রধান (সকল) ......................................, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ..........., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. প্রকল্প পরিচালক (সকল)........................................, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

২৫/১১/২০২১
মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
সচিব (যুগ্মসচিব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।